

সম্পাদক  
শাহাদত চৌধুরী

নির্বাহী সম্পাদক  
গোলাম মোর্তোজা

সিনিয়র প্রতিবেদক  
বদরুল আলম নাবিল  
জব্বার হোসেন  
প্রতিবেদক  
রুহুল তাপস, সাজেদুর রহমান  
হাসান মূর্তাজা, খোন্দকার তাজউদ্দিন  
সহযোগী প্রতিবেদক  
জাহাঙ্গীর আলম জুয়েল  
খোন্দকার তানভীর জামিল

কার্টুন  
রফিকুল নবী

প্রধান আলোকচিত্রী  
তুহিন হোসেন  
আলোকচিত্রী  
সালাহ উদ্দিন টিটো

নিয়মিত লেখক  
আসজাদুল কিবরিয়া, ফাহিম হুসাইন  
মহিউদ্দিন নিলয়, মাঈফ রনি, হাসান জামান  
জুটন চৌধুরী, আরাফাতুল ইসলাম

প্রতিনিধি  
সুমি খান চট্টগ্রাম  
মামুন রহমান যশোর  
বিদেশ প্রতিনিধি

জসিম মল্লিক কানাডা  
মুনাওয়ার হুসাইন পিয়াল হলিউড  
আকবর হায়দার কিরণ নিউইয়র্ক  
নাসিম আহমেদ ওয়াশিংটন  
নাজমুন নেসা পিয়ারী বার্লিন  
কাজী ইনসান টোকিও  
প্রযুক্তি বিভাগ প্রধান  
শাহরিয়ার ইকবাল রাজ  
প্রধান গ্রাফিক ডিজাইনার  
নূরুল কবীর  
শিল্প নির্দেশক  
কনক আদিত্য

প্রদায়ক আলোকচিত্রী  
এ এল অপূর্ব, সোহেল রানা রিপন  
আনোয়ার মজুমদার

জেনারেল ম্যানেজার  
শামসুল আলম

যোগাযোগ  
৯৬-৯৭ নিউ ইস্কাটন, ঢাকা-১০০০  
পিএবিএক্স : ৯৩৫০৯৫১ - ৩  
সার্কুলেশন/বিজ্ঞাপন : ৯৩৪৯৪৫৯  
ফ্যাক্স : ৯৩৫০৯৫৪  
চট্টগ্রাম অফিস : ১৪/ক, এসি দত্ত  
লেন, পাথরঘাটা, চট্টগ্রাম ৪০০০  
ই-মেইল : info@shaptahik2000.com

দাম : ১৫ টাকা

মিডিয়াওয়ার্ল্ড লিমিটেড  
৫২ মতিবিল বা/এ, ঢাকা-১০০০-এর পক্ষে  
মাহফুজ আনাম কর্তৃক প্রকাশিত ও  
ট্রাস্টক্রাফট লিঃ, ২২৯ তেজগাঁও শিল্প এলাকা  
ঢাকা-১২০৮ থেকে মুদ্রিত।

www.shaptahik2000.com

বাণিজ্যমন্ত্রী আলতাফ হোসেনের মতো আত্মবিশ্বাস নিয়ে এমন ভুল তথ্য আর কেউ দিতে পারে কি না সন্দেহ হয়। তিনি ব্যাপারগুলো ইচ্ছে করেই করেন কি না?

যেমন বাজারদর বৃদ্ধির প্রশ্নে তিনি অত্যন্ত ঠান্ডা মাথায় বললেন, আপনি গিয়ে দেখেন বাজার ঠিক আছে, বাজারে আগুন নেই। ঠিক সেই সময় দেশের যেকোনো বাজারে গেলেই দেখা যায় নিত্যপ্রয়োজনীয় দ্রব্যের মূল্য অসহনীয় পর্যায়ে। ১৬ টাকার মোটা চালের দাম এখন ২০ টাকা। কাঁচামরিচ লাফিয়ে লাফিয়ে বেড়ে ৮০ টাকা হয়েছে।

যেসব মানুষ নিয়মিত বাজারে যাচ্ছেন তারা প্রত্যেকেই জেনে গেছেন বাজারের বাস্তবতা। আর সেই সঙ্গে জেনে গেছেন বাণিজ্যমন্ত্রীর নৈর্ব্যক্তিক বাজে কথা।

বাংলাদেশ বিমানের সদর-অন্দের কিভাবে চলছে তা এখন অপেন সিক্রেট ব্যাপার। একেকটি দুর্ঘটনা ঘটে, ভেতরে-বাইরে তোলপাড় চলে। এক পক্ষ আরেক পক্ষকে দোষ দেয়। কাদা ছোঁড়াছুঁড়ি করে। কিছুদিন পর আবার সবকিছু চাপা পড়ে যায় পরবর্তী দুর্ঘটনার আগ পর্যন্ত। বিমান সংশ্লিষ্টরা জানান, বিমান বাংলাদেশের সমস্যা রক্তে রক্তে। নিয়মিত অনিয়ম আর লোকসানের বিশাল বোঝা নিয়ে এ সংস্থাটি চলছে খুঁড়িয়ে খুঁড়িয়ে। গন্তব্যহীন এ যাত্রা কোনো কালেই সফলতার মুখ দেখবে না এমন মন্তব্য খোদ বিমান সংশ্লিষ্টদেরই।

ঢাকায় ফুটপাত দখলদারদের উৎপাতে অতিষ্ঠ নগরবাসী। নাগরিকদের পায়ে হাঁটার জন্য বরাদ্দ এই অংশকেই দখলদাররা নিজস্ব কাজে ব্যবহার করছে। তারা অস্বাভাবিত উচ্চমূল্যে ভাড়া দেয়। অনেক ক্ষেত্রে নগরের বিলাসবহুল স্থানের চাইতেও কয়েকগুণ বেশি মূল্যে ফুটপাত লেনদেন করছে। এই অবৈধ দখলের কারণে ফুটপাতগুলোতে অহরহই ঘটছে নানা বিড়ম্বনা। পথচারীরা রাস্তা দিয়ে হাঁটতে গিয়ে প্রায়শই দুর্ঘটনায় পড়ছে। হারাচ্ছে প্রাণ। এছাড়াও নগরের সৌন্দর্যের বিঘ্ন ঘটছে ফুটপাত দখলদাররা। সরকারের উচিত বিষয়গুলোর দিকে নজর দেয়া এবং যথাযথ ব্যবস্থা নেয়া।



8 el © 10 mSL v 15 Rj vB 2005

